৩৪৭

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... NOV. 16 1999.
পৃষ্ঠা ৬ কলাম ৬...

# শিক্ষকদের নিয়ে রাজনৈতিক সুবিধা ভোগকারীদের আমরা প্রতিহত করতে প্রস্তুত

## —বাংলাদেশ শিক্ষক সমিতি

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ, মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া এক বিবৃতিতে গতকাল সোমবার বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত কয়েকটি শিক্ষক সংগঠনের বিবৃতির প্রতিবাদ করেছেন। নেতৃবৃন্দ বলেন, কয়েকটি শিক্ষক সংগঠনের পক্ষ থেকে মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকরা আওয়ামী লীগকে সমর্থন করবে বলে যে বিবৃতি প্রদান করেছেন তা শিক্ষকদের মধ্যে বিভেদ সৃষ্টি করার একটি অপচেষ্টা বলে আমরা মনে করি। বাংলাদেশ শিক্ষক সমিতি সম্পূর্ণ নির্দলীয় ও নিরপেক্ষ পেশাজীবী সংগঠন। যে সরকার শিক্ষকদের সমস্যার সমাধান করবে আমরা সেই সরকারকেই সহযোগিতা করতে প্রস্তুত। বর্তমানে শিক্ষক পেশায় আছেন কিন্তু ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করার সুযোগ ছিল না বা তখন যিনি জন্মগ্রহণ করেননি তিনি কি মুক্তিযুদ্ধকে অস্বীকার করতে পারবেন? যারা মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছেন তাদের সম্মান সর্বাগ্রে দেয়া জাতির কর্তব্য। আজ মুক্তিযুদ্ধের পক্ষে-বিপক্ষে কথা বলে যারা শিক্ষকদের মধ্যে বিভক্তি টানার চেষ্টা করছেন তাদের উদ্দেশ্য সম্পর্কে আমরা সন্দিহান।

বিবৃতিতে নেতদ্বয় বলেন, এ দেশের শিক্ষক সমাজের কল্যাণে যে সরকার যতটুকু অবদান রাখবে আমরা তার জন্য ততটুকু কৃতজ্ঞতা জানাব। মুজিব, জিয়া, এরশাদ, খালেদা ও হাসিনা সরকার শিক্ষকদের যে সুযোগ-সুবিধা দিয়েছে আমরা তাদের প্রাপ্য সম্মান দিতে প্রস্তুত। কিন্তু বাংলাদেশ শিক্ষক সমিতির ব্যানারে কোন দলীয় রাজনীতির লেজুড়বৃত্তির আমরা নিন্দা করি। শেখ আমানুল্লাহ ও মোঃ সেলিম ভুঁইয়ার নেতৃত্বাধীন বাংলাদেশ শিক্ষক সমিতিতে সকল রাজনৈতিক দল ও মতের সমর্থক আছে এবং থাকবে। শিক্ষকদের নিয়ে রাজনৈতিক সুবিধা ভোগকারীদের আমরা যে কোনভাবে প্রতিহত করতে প্রস্তুত।